



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দুর্যোগ শাখা
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা- ১০০০
www.gsb.gov.bd

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ
অগ্রাধিকার

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি)-এর সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪-এর কার্যক্রম [১.২] অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ৪র্থ অবহিতকরণ সভার কার্যবিবরণী।

সভাপতি	সালমা আক্তার পরিচালক (ভূতত্ত্ব)
সভার তারিখ	২৬ জুন, ২০২৪
সভার সময়	বেলা ১০:৩০ ঘটিকা
স্থান	অনলাইন জুম মিটিং
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সূচনা:

সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ অর্থবছরের কার্যক্রম [১.২] অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে ৪র্থ অবহিতকরণ সভা গত ২৬ জুন, ২০২৪ তারিখ সকাল ১০:৩০ ঘটিকায় সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও মূল্যায়ন কমিটির সভাপতির সভাপতিত্বে অনলাইন জুম-এ আয়োজন করা হয়।

আলোচনা:

সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। এ সময় সভাপতি মহোদয় মন্ত্রিপরিষদ বিভাগ হতে নির্দেশিত এপিএ বাস্তবায়নের ধারাবাহিকতায় এ সভার আয়োজন করা হয়েছে বলে উল্লেখ করেন। সভাপতি মহোদয় আরো জানান যে জিএসবি থেকে নাগরিক, প্রাতিষ্ঠানিক এবং অভ্যন্তরীণ এই তিন ধরনের সেবা দেয়া হয়ে থাকে। জিএসবির কর্মকর্তাগণ আজকের সভায় সেবা দাতা ও অভ্যন্তরীণ অংশীদার হিসেবে এই সভায় অংশগ্রহণ করেছেন। সভাপতি মহোদয় সভায় উপস্থিত সংশ্লিষ্ট সংস্থাসমূহের সিটিজেন চার্টার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণের সাথে প্রাতিষ্ঠানিক সেবা প্রদান বিষয়ে বিস্তারিত আলোচনা করেন এবং সিটিজেন'স চার্টার এ উল্লিখিত বিভিন্ন সেবার সেবাদানের সময়সীমা সম্পর্কে কোনো পর্যবেক্ষণ আছে কিনা জানতে চান? সভায় উপস্থিত খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), হাইড্রোকার্বন ইউনিট ও বিস্ফোরক পরিদপ্তরের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ জিএসবি'র প্রদেয় প্রাতিষ্ঠানিক সেবাসমূহের সেবাদানের সময়সীমা নিয়ে সন্তোষ পোষণ করেন এবং পরবর্তীতে কোন সমস্যার উদ্ভব হলে আলোচনার মাধ্যমে তা দ্রুততর সময়ে সমাধান করা যাবে বলে আশাবাদ ব্যক্ত করেন। সভাপতি অভ্যন্তরীণ সেবাসমূহের মধ্যে বৈশ্লেষিক রসায়ন শাখার সেবা প্রদানের সময়সীমা আরো কমানো যায় কিনা জানতে চান বৈশ্লেষিক রসায়ন শাখার জনাব মাজেদুল ইসলাম জানান স্যাম্পল প্রস্তুতিতে অনেক সময় লাগে বিধায় সিটিজেনস চার্টার এ উল্লিখিত সময় কমানো সম্ভব নয় বলে সভাকে অবহিত করেন। লুবনা ইয়াসমিন খন্দকার জানান গত কর্মশালায় যে মতামত এসেছে তার আলোকে জিএসবির গ্রন্থাগার সেবার সময়সীমা হালনাগাদ করা প্রয়োজন। সভাপতি এ বিষয়ে একমত পোষণ করেন এবং এ সেবাদানের সময়সীমা কর্মদিবস থেকে কমিয়ে তাৎক্ষণিক করার প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার নির্দেশনা প্রদান করেন।

সভাপতি সেবা প্রদান/গ্রহণে আরও কোনো মতামত থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও মূল্যায়ন কমিটির সদস্য সচিব এবং ফোকাল পয়েন্ট জনাব মো: আহসান হাবিব, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) এর সাথে যোগাযোগ করার পরামর্শ দেন।


সেবা প্রদান প্রতিশ্রুতির সেবার বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনাতে নিম্ন বর্ণিত সিদ্ধান্ত গ্রহন করা হয়।

সিদ্ধান্ত:

- ১। সেবা গ্রহণ/প্রদানে সমস্যার উদ্ভব হলে আলোচনার মাধ্যমে তা দ্রুততর সময়ে সমাধান করা হবে।
- ২। কিছু সেবার সেবাদানের সময়সীমা হালনাগাদ করা হবে।

৩। উপস্থিত কর্মকর্তাগণ/অংশীদারগণ সেবা প্রদান/গ্রহণে কোনো মতামত/পরামর্শ থাকলে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ ও মূল্যায়ন কমিটির সদস্য সচিব এবং ফোকাল পয়েন্ট জনাব মো: আহসান হাবিব, সহকারী পরিচালক (ভূতত্ত্ব) এর সাথে যোগাযোগ করবেন।

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



২৭-০৬-২০২৪

সালমা আক্তার

পরিচালক (ভূতত্ত্ব)

+৮৮০-২-৫৮৩১১৮৫৫

salma.akter@gsb.gov.bd

১৩ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
তারিখ: ২৭ জুন ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ২৮.০৫.০০০০.৩০০.৫০.০৯১.১৯.৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (ভূতত্ত্ব), পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দুর্যোগ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
- ২। উপ-পরিচালক (ভূতত্ত্ব)-১, পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দুর্যোগ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
- ৩। উপ-পরিচালক (ভূপদার্থ)-৩, ভূ-বৈদ্যুতিক ও ভূকম্পন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
- ৪। উপপরিচালক (রসায়ন)-২, বৈশ্লেষিক রসায়ন শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
- ৫। উপ-পরিচালক (ডিলিং)-৪, ডিলিং প্রকৌশল শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
- ৬। সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-২, পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দুর্যোগ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
- ৭। লাইব্রেরিয়ান-২, প্রকাশনা ও প্রশিক্ষণ শাখা, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি'র ওয়েবসাইটে আপলোডের ব্যবস্থার অনুরোধসহ) এবং
- ৮। অফিস সহকারি-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর।



২৭-০৬-২০২৪

মো: আহসান হাবিব

সহকারী পরিচালক (ভূতত্ত্ব)-২

সকল সংযুক্তিসমূহ:

- (১) পরিশিষ্ট-ক